# উপজেলা পরিষদের মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ নুর-ই-আলম সিদ্দিকী
প্রশাসক
উপজেলা পরিষদ
সৈয়দপুর, নীলফামারী

সভার স্থানঃ উপজেলা পরিষদ হলরুম

তারিখ ঃ ৩১/১২/২৪ ইং

সময় ঃ ১১:০০ ঘটিকা

## উপস্থিত সদস্যবৃন্দের (স্বাক্ষরের ক্রমানুসারে)- পরিশিষ্ট "ক"

সভার শুরুতে সভার সভাপতি ে উপস্থিত সকল সদস্য কে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

অতঃপর সভায় সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, তিনি অত্র উপজেলায় বাল্য বিবাহ নিরোধ, যৌতুক নিরোধ, শিশু পাচার ও নারী ও শিশু নির্যাতন রোধে অব্যাহতভাবে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। বিশেষ করে বাল্য বিবাহ রোধে আলোচনা সভা, উঠোন বৈঠক সহ বিভিন্ন ইউনিয়ন ফেডারেশন এর সাথে অব্যাহত চেষ্টা চালিয়ে যাচ্ছেন।

সভায় সদস্য ইউপি চেয়ারম্যানগণ বাল্য বিবাহ রোধে তাদের সর্বাত্বক চেষ্টা চালাচ্ছেন। কোথাও কোন বাল্য বিবাহের খবর পাওয়া গেলে তার তাৎক্ষনিক সেখানে ছুটে যাচ্ছেন এবং বাল্য বিবাহ রোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করছেন।

সভায় সকল সদস্য (চেয়ারম্যান গণ) তাদের নিজ নিজ ইউনিয়নে বাল্য বিবাহ ও যৌতুক রোধে বদ্ধপরিকর বলে সভাকে প্রতিশ্রুতি দেন। শুধু বাল্য বিবাহ ও যৌতুক নিরোধে সীমাবদ্ধ না থেকে নিজ নিজ দপ্তর বা কার্যালয়ের কার্যক্রম এর অগ্রগতি ত্বরান্বিত করার জন্য সভায় সদস্য সচিব উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় সকল সদস্যকে অনুরোধ জানান।

সিদ্ধান্তঃ

(১) বাল্য বিবাহ রোধে আলোচনা সভা ও উঠোন বৈঠক অব্যাহত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

(২) বাল্য বিবাহ ও যৌতুক রোধে সভায় সকল সদস্য সজাগ থাকবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মোঃ নুর-ই-আলম সিদ্দিকী)
প্রশাসক
ও
সভাপতি
মহিলা ও শিশু বিষয়ক কমিটি
উপজেলা পরিষদ
সৈয়দপুর, নীলফামারী।